

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারী পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
ফরম 'খ'  
নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০১৮.০২(১)-৩৫৬

তারিখ : ২৬ আশ্বিন ১৪৩০  
১১ অক্টোবর ২০২৩

প্রাপক,

জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম  
জন্ম তারিখ : ০১/০৪/১৯৯৫ খ্রি.  
পিতা-মোহাম্মদ সাইফুল ইসলাম  
মাতা-খুরশীদা বেগম  
বাসা-বাচ্চু সওদাগরের বাড়ি, পশ্চিম গোসাইলডাঙ্গা  
ওয়ার্ড নং-৩৬ নং গোসাইলডাঙ্গা  
ডাকঘর-বন্দর-৪১০০, থানা-বন্দর  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্ঠি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০১৮.০২(১)-৩৫৬

তারিখ : ২৬ আশ্বিন ১৪৩০  
১১ অক্টোবর ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৫। ম্যানেজার, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা রেজিস্ট্রার, চট্টগ্রাম।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮